

## 105913 - ব্যভিচারজাত ভাঙ্গিকে বিয়ে করা যাবে কি?

### প্রশ্ন

আমার পিতা আমার চাচীর সাথে একটি ভুল করেছেন। সে ভুলের ফলে আমার চাচীর একটি মেয়ে হয়েছে। এ মেয়ের বিয়ে হয়েছে এবং তারও একটি মেয়ে হয়েছে। এই মেয়েটিকে আমি বিয়ের প্রস্তাব দিয়েছি। শরিয়ত অনুযায়ী এ মেয়েটি কি আমার জন্য জায়েয হবে?

### প্রিয় উত্তর

ব্যভিচারের ফলে জন্ম নেয়া মেয়েকে বিয়ে করা ব্যভিচারী ও তার সন্তানদের জন্য হারাম। অনুরূপ বিধান প্রযোজ্য ব্যভিচারজাত মেয়ের মেয়ের ক্ষেত্রেও। সে মেয়েও ব্যভিচারী বা তার ছেলেদের জন্য বৈধ নয়।

এই মেয়েটি আপনার ব্যভিচারজাত ভাঙ্গী। তাই সে আপনার জন্য বৈধ নয়।

ইবনে কুদামা (রহঃ) বলেন: "কোন পুরুষের জন্য তার ব্যভিচারের ফলে জন্ম নেয়া মেয়েকে বিয়ে করা হারাম। তার ব্যভিচারজাত বোন, ছেলের মেয়ে, মেয়ের মেয়ে, ভাইয়ের মেয়ে ও বোনের মেয়েকেও বিয়ে করা হারাম। এটি সর্বস্তরের ফিকাহবিদ আলেমদের অভিমত।"[আল-মুগনী (৭/৯১) থেকে সমাপ্ত]

এ মাসয়ালাতে আলেমদের মাঝে মতভেদ আছে। কিন্তু এটা জমহুর আলেমের অভিমত এবং এটাই নিরাপদ।

তবে এর অর্থ এ নয় যে, আপনি এ মেয়েটির মাহরাম হয়ে যাবেন: আপনি তাকে দেখা ও তার সাথে একান্তে থাকা আপনার জন্য বৈধ হবে। কেননা বিবাহ করা হারাম হওয়া সব সময় মাহরাম হওয়াকে আবশ্যিক করে না; যা হলে একান্তে থাকা ও আরও অন্য কিছু বিষয় বৈধ হয়।

ইবনে কুদামা (রহঃ) বলেন: "নিরোট হারাম: আর তা হচ্ছে ব্যভিচার। এর দ্বারা হারাম সাব্যস্ত হয়; কিন্তু মাহরাম সাব্যস্ত হয় না এবং দেখা-সাক্ষাতও বৈধ হয় না।"[পরিমার্জিতরূপে সমাপ্ত]

আল্লাহ্ই সর্বজ্ঞ।